ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
********

স-২৮৫৫

মোহনপুর, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**মোহনপুরে উন্নত প্রজাতির ছাগল বিতরণ**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে এবং মোহনপুর পঞ্চায়েত সমিতির সহযোগিতায় আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির কার্যালয় প্রাঙ্গণে ২৫ জন মহিলা সুবিধাভোগীকে উন্নত প্রজাতির ছাগল বিতরণ করা হয়। মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় এই ছাগল বিতরণ করা হয়। এরজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা। এই ছাগল বিতরণ অনুষ্ঠানে মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব বলেন, ছাগল পালনের মাধ্যমে সুবিধাভোগী পরিবারের মধ্যে আয়ের সুযোগ তৈরি হবে এবং অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, উপপ্রধানগণ, মোহনপুর প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের সহ অধিকর্তা ডা. বিধান চন্দ্র দাস প্রমুখ।

*******